গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

# বিজ্ঞপ্তি

নং ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৭.২৪-৭৩

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ / ২৭ জুন ২০২৪

বিষয় : জাতীয় মানবকল্যাণ পদক ২০২৩ এবং ২০২৪ প্রদান

'জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালা ২০২২' অনুযায়ী 'জাতীয় মানবকল্যাণ পদক ২০২৩ এবং ২০২৪' প্রদানের নিমিত্ত নিম্নোক্ত যে কোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন বাংলাদেশী ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

(১) বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের এবং পরিবারহীন বয়স্ক পুরুষদের কল্যাণ ও পুনর্বাসন, (২) প্রান্তিক, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, আত্মনির্ভরশীলকরণ ও কর্মসংস্থান সৃষ্টি, (৩) প্রতিবন্ধী ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ, জীবনমান উন্নয়ন, কর্মসংস্থান, ইনক্লুসিভ শিক্ষা বাস্তবায়ন ও সামাজিক সুরক্ষা, (৪) সুবিধাবঞ্চিত, আইনের সংস্পর্শে আসা, আইনের সাথে সংঘাতে জড়িত শিশু, কারামুক্ত কয়েদি, ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তিদের কল্যাণ, উন্নয়ন ও পুন:একত্রীকরণ, (৫) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের এমন কোন কর্ম যা সমাজের মানুষের মেধা ও মননের বিকাশ, জীবনমান ও পরিবেশের উন্নয়ন, সমাজবদ্ধ মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ও সর্বোপরি মানবকল্যাণ ও মানবতাবোধে সমাজ বা রাষ্ট্রকে ইতিবাচক ভাবে প্রভাবিত করার কার্যক্রম এ গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জল ভূমিকার জন্য ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে ০৫টি ক্ষেত্রে জাতীয় মানবকল্যাণ পদক প্রদান করা হবে।

জাতীয় মানবকল্যাণ পদক নীতিমালা ২০২২ এর ১১ধারা অনুসারে মনোনয়ন প্রেরণ এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:

| | কর্মসূচি | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| (ক) | মনোনয়ন আহবান | ০৫ জুলাই, ২০২৪ |
| (খ) | জেলা কমিটিতে আবেদন গ্রহণ | ৩১ জুলাই, ২০২৪ |
| (গ) | জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ | ১৭ আগস্ট, ২০২৪ |
| (ঘ) | জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ | ৩১ আগস্ট, ২০২৪ |
| (ঙ) | মন্ত্রণালয় বা বিভাগ হইতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | ৩১ আগস্ট, ২০২৪ |
| (চ) | জাতীয় বাছাই কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ | ১৫ অক্টোবর, ২০২৪ |
| (ছ) | জাতীয় বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ৩১ অক্টোবর, ২০২৪ |
| (জ) | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা | ০২ জানুয়ারি, ২০২৫ |

* 'জাতীয় মানবকল্যাণ পদক ২০২৩ এবং ২০২৪' এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.msw.gov.bd), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট (www.dss.gov.bd) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

* সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে অবস্থিত জেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন দাখিল করতে হবে।

* মন্ত্রণালয়/ বিভাগ হতে সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে মনোনয়ন প্রেরণ করতে হবে।

* যে সালের জন্য আবেদন করতে ইচ্ছুক তা আবেদন ফরম এবং খামের উপর উল্লেখ করতে হবে।

27/06/2024

(মোহাম্মদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১২৯৪
Email: performance@msw.gov.bd